

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
মহাখালী, ঢাকা-১২১২।



স্মারকনং- স্বাঃঅধিঃ/ইপিআই/ফিল্ড সার্ভিস/কোভিড-১৯/২০২১/১১৯৫

তারিখঃ ১১/০৭/২০২১খ্রি।

বিষয়ঃ সিটি করপোরেশন এলাকায় কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আপনাদের সকলের সহযোগিতায় সারা দেশে সকল সিটি করপোরেশন এলাকায় বিগত ১৯/০৬/২০২১ খ্রি. তারিখ হতে সিনোফার্ম (Verocell) কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে আমরা ২৫ লক্ষ ডোজ মডার্না কোভিড-১৯ ভ্যাকসিন হাতে পেয়েছি। এমতাবস্থায় জাতীয় কমিটির সিদ্ধান্ত অনুযায়ী মডার্না ভ্যাকসিন দ্বারা সারা দেশের সকল সিটি করপোরেশন এলাকায় (ঢাকা উত্তর, ঢাকা দক্ষিণ, গাজীপুর, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কুমিল্লা, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, রংপুর, সিলেট ও বরিশাল) একযোগে পুনরায় ভ্যাকসিনেশন কার্যক্রম শুরু হতে যাচ্ছে।

এ বিষয়ে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে-

১। বর্তমানে চলমান সিনোফার্ম (Verocell) কোভিড-১৯ ভ্যাকসিন আপনার জেলা সদরে/ সিটি করপোরেশন এলাকার নির্দিষ্ট হাসপাতালে (মেডিকেল কলেজ হাসপাতাল, জেলা সদর হাসপাতাল, সরকারি জেনারেল হাসপাতাল, ২৫০ শয্যা বিশিষ্ট হাসপাতালে) আগামী ১২/০৭/২০২১ খ্রি. পর্যন্ত ১ম ডোজ চালু থাকবে।

২। ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন এলাকার সকল নির্দিষ্ট হাসপাতালে (যে সকল হাসপাতালে বিগত ১৯/০৬/২০২১ খ্রি. সিনোফার্ম ভ্যাকসিনেশন চলমান আছে) সিনোফার্ম ভ্যাকসিন আগামী ১২/০৭/২০২১ খ্রি. পর্যন্ত চালু থাকবে।

৩। ১২/০৭/২০২১ খ্রি. পর্যন্ত দেয়া প্রথম ডোজ সিনোফার্ম ভ্যাকসিন হিসেব করে ২য় ডোজ আপনার জেলার ইপিআই স্টোর অথবা ফ্যাসিলিটি/ জোন /ওয়ার্ডের ইপিআই স্টোরে সংরক্ষণ করবেন।

৪। আপনার জেলা সংশ্লিষ্ট সিটি করপোরেশন এলাকায় মডার্না ভ্যাকসিন কার্যক্রম চালু হলে কিছুদিন পরে সিনোফার্ম (Verocell) কোভিড-১৯ ভ্যাকসিনের ২য় ডোজ ভ্যাকসিন দেয়ার নির্দিষ্ট সময় হয়ে যাবে। সেক্ষেত্রে অবশ্যই কেন্দ্রে সিনোফার্ম এবং মডার্নার বুথের জন্য পৃথক স্থান নির্বাচন করা যেতে পারে এবং বুথে অবশ্যই দিক নির্দেশনা ও ভ্যাকসিনের নাম চিহ্নিত করে ব্যানার দিতে হবে।

৫। সিটি করপোরেশন ভ্যাকসিনেশন কমিটির মাধ্যমে এই কার্যক্রম সম্পাদন করার পরামর্শ দেয়া হলো।

৬। আগামী ১৩/০৭/২০২১ খ্রি. তারিখ হতে মডার্না ভ্যাকসিন দ্বারা সিটি করপোরেশন এলাকায় ভ্যাকসিনেশন কার্যক্রম শুরু হবে।

৭। ইতোমধ্যে সিটি করপোরেশনের জন্য নির্দিষ্ট স্থানে মডার্নার টিকা ও প্রয়োজনীয় লজিস্টিক পৌঁছে দেয়া হয়েছে।

৮। মডার্নার টিকা +২° থেকে +৮° সেলসিয়াস তাপমাত্রায় ০১ (এক) মাস সংরক্ষণ করা যাবে।

৯। অতি শীঘ্র আপনার সিটি করপোরেশনের আওতাধীন এলাকার বস্তি/গার্মেন্টস এলাকায় ক্যাম্পেইন আকারে ভ্যাকসিনেশন কার্যক্রম আয়োজন করতে হবে।

১০। সুরক্ষা এ্যাপস এ রেজিস্ট্রেশন করে ভ্যাকসিন কার্ডটি প্রত্যেক ভ্যাকসিন গ্রহনকারীকে নিজ উদ্যোগে সংগ্রহ করতে হবে। পরবর্তীতে টিকা কেন্দ্র থেকে এসএমএস পেলে নির্দিষ্ট দিনে টিকা কেন্দ্রে এসে টিকা দিতে পারবেন। এসএমএস না দেখালে টিকা দেয়া যাবে না।

১১। পূর্বে রেজিস্ট্রেশনকৃত ব্যক্তি ইতোমধ্যে ভ্যাকসিন না নিয়ে থাকলে ও ব্যক্তি যে ভ্যাকসিনের জন্যই নিবন্ধিত থাকুন না কেন তাকে বর্তমানে প্রাপ্য (Available) ভ্যাকসিন দিতে হবে। এ ক্ষেত্রে পূর্বের এসএমএস কার্যকরী হবে, নতুন করে আর এসএমএস এর প্রয়োজন হবে না।

উল্লিখিত বিষয়ে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

মহাপরিচালক মহোদয়ের নির্দেশক্রমে পত্রটি প্রেরণ করা হলো।

প্রাপক

১. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ও সদস্য সচিব, করোনা ভাইরাস ভ্যাকসিন প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য গঠিত সিটি করপোরেশন কমিটি; সকল সিটি করপোরেশন।

(ডা. মোঃ শামসুল হক)

লাইন ডাইরেক্টর (এমএনসিএন্ডএইচ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী ও
সদস্য সচিব

কোভিড-১৯ ভ্যাকসিন ব্যবস্থাপনা টাস্কফোর্স কমিটি।

Email: mncah@ld.dghs.gov.bd